

বাংলাদেশ দূতাবাস  
স্টকহোম, সুইডেন

নং-প্রবাসী-১/২০০৮

তারিখঃ ২৬ জুন ২০০৯

## বিজ্ঞপ্তি

**বিষয়ঃ ব্যাগেজ বিধিমালা ২০০৮ অনুসরণ প্রসঙ্গে ।**

বিদেশে বসবাসরত বাংলাদেশের নাগরিকগণের সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিদেশ থেকে দেশে যাওয়ার সময় যাত্রীদের সংগে পরিবাহিত (accompanied) এবং অপরিবাহিত (unaccompanied) ব্যাগেজ ব্যবস্থাপনার জন্য জাতীয় রাজস্ব বোর্ডের “যাত্রী (অপর্যটক) ব্যাগেজ (আমদানি) বিধিমালা ২০০৮” কার্যকর রয়েছে (বিধিমালাটি দূতাবাসের ওয়েব সাইট <http://www.bangladoot.se>-এ আপলোড করা রয়েছে) । বিদেশে কার্যরত কিছু সংখ্যক বাংলাদেশী কার্গো প্রতিষ্ঠান প্রবাসী বাংলাদেশী বিশেষতঃ ওয়েজ আর্নারদের সরলতার সুযোগ নিয়ে তাঁদের নাম ব্যবহার করে বাণিজ্যিক পরিমাণ পণ্য সামগ্রী উক্ত যাত্রীর ব্যাগেজ হিসেবে বুকিং দিয়ে দিচ্ছে । এর ফলে ব্যাগেজ বিধিমালা লংঘনের পাশাপাশি শুল্ক ফাঁকির আশংকা তৈরী হচ্ছে । অন্যদিকে সংশ্লিষ্ট যাত্রী বিধি ভংগের দায়ে তাঁর ব্যাগেজ খালাসে বিড়ম্বনার শিকার হচ্ছেন । ব্যক্তিগত বিড়ম্বনা এড়ানো এবং রাজস্ব ফাঁকি রোধে এ বিষয়ে সকলকে সচেতন থাকার জন্য বিনীত অনুরোধ করা হ'ল ।



(খন্দকার মাসুদুল আলম)  
প্রথম সচিব ও চ্যান্সারী প্রধান